রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০১৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানমালা, ২০১২

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ

ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩৪৪-আইন/২০১২।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৭৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "পদাধিকারবলে সদস্য" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন সদস্য।



মূল্য ঃ টাকা ৮.০০

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কমিটির গঠন।**—(১) আইনের ধারা ৭৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, বীমাকারী ও বীমা পলিসি গ্রাহকের মধ্যে উদ্ভূত বিরোধ নিষ্পত্তির জন্য কর্তৃপক্ষ ১ (এক) জন চেয়ারম্যান, পদাধিকার বলে সদস্য ও কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্যান্য ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে বিরোধ নিষ্পত্তি কমিটি নামে এক বা একাধিক কমিটি গঠন করিবে।

(২) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত পদাধিকারবলে সদস্য কমিটিকে সহায়তা করিবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

৪। **চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতা-অযোগ্যতা, মেয়াদ, পদত্যাগ,অপসারণ ইত্যাদি।**—(১) প্রবিধান ৩ এর অধীন গঠিত কমিটিতে চেয়ারম্যান হইবেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি বা জেলা জজ হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা, যাহার সততা এবং বীমা আইনসহ বিভিন্ন আইনের বিষয়ে ব্যাপক অভিজ্ঞতা রহিয়াছে এবং পদাধিকারবলে সদস্যসহ অন্য ৩ (তিন) জন সদস্য হইবেন কর্তৃপক্ষের বিবেচনায় বীমা বিজ্ঞান, একচ্যুয়ারিয়াল বিজ্ঞান, অর্থ, অর্থনীতি, আইন বা হিসাববিজ্ঞানে ব্যাবহারিক ও বাস্তব অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি।

(২) কোন ব্যক্তি দেউলিয়া ঘোষিত হইলে বা কর্তৃপক্ষের বিবেচনায় নৈতিক স্খলন জনিত কোন অপরাধে শাস্তিপ্রাপ্ত হইলে কমিটির সদস্য হিসাবে নিয়োগ পাইবার যোগ্য হইবে না বা সদস্যপদে বহাল থাকিবেন না।

(৩) কর্তৃপক্ষের পদাধিকারবলে সদস্য ব্যতীত চেয়ারম্যান এবং অন্য তিন জন সদস্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাদি মোতাবেক নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হইবে এবং উক্ত মেয়াদের অবসানে পরবর্তী এক বা একাধিক মেয়াদের জন্য পুনরায় নিয়োগপ্রাপ্তির যোগ্য হইবেন।

(৪) কোন মেয়াদে একজন সদস্যের পদ শূন্য হইলে কর্তৃপক্ষ উক্ত শূন্যপদ পূরণের জন্য অন্য কোন যোগ্য ব্যক্তিকে নিয়োগ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি তাহার পূর্ববর্তীর অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত পদে বহাল থাকিবেন।

(৫) কমিটির চেয়ারম্যান বা কোন সদস্য, তাহার মেয়াদ অবসানের পূর্বে, কর্তৃপক্ষের চেয়ারম্যানের বরাবরে লিখিত পত্রের মাধ্যমে স্বীয় পদ হইতে পদত্যাগ করিতে পারিবেন।

(৬) কর্তৃপক্ষ লিখিত আদেশের মাধ্যমে কোন সদস্যকে অপসারণ করিতে পারিবেন, যদি তিনি —

(ক) তাহার দায়িত্ব পালনে অস্বীকৃতি জ্ঞাপন করেন বা ব্যর্থ হন অথবা কর্তৃপক্ষের বিবেচনায় সদস্য হিসাবে দায়িত্ব পালনে অসমর্থ হন; অথবা

(খ) কর্তৃপক্ষের বিবেচনায় সদস্য হিসাবে তাহার পদের অপব্যবহার করিয়া থাকেন।

৫। **সদস্যগণের পারিশ্রমিক**।—কর্তৃপক্ষ পদাধিকারবলে সদস্য ব্যতীত কমিটির চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণকে প্রতি অধিবেশনের জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা প্রদান করিবেন।

৬। **কমিটির ক্ষমতা, কাজ ও পদ্ধতি**।—(১) কোন পলিসির অধীনে কোন দাবিদার ও উক্ত পলিসি ইস্যু করিয়াছেন বা অন্য কোনভাবে উহার দায় সম্পর্কে আশ্বস্ত করিয়াছেন এমন বীমাকারীর মধ্যে লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ও তদূর্ধ্ব (গ্যারান্টিযুক্ত নহে এমন কোন লাভ ও বোনাস ব্যতিরেকে) কোন লাইফ ইন্সুরেন্স পলিসির বিরোধের ক্ষেত্রে, দাবীদার ইচ্ছা করলে উক্ত বিরোধের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের নিমিত্ত কমিটির নিকট প্রেরণ করিতে পারিবে এবং কমিটি উভয়পক্ষকে শুনানির সুযোগ প্রদান করিয়া ও প্রয়োজন মনে করিলে, ক্ষেত্রমত, তদন্ত করিয়া উক্ত বিরোধের নিষ্পত্তি করিতে পারিবে।

(২) কোন পলিসির অধীনে কোন দাবিদার ও উক্ত পলিসি ইস্যু করিয়াছেন বা অন্য কোনভাবে উহার দায় সম্পর্কে আশ্বস্ত করিয়াছেন এমন বীমাকারীর মধ্যে নন-লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণের কোন নন-লাইফ ইন্সুরেন্স পলিসির বিরোধের ক্ষেত্রে, দাবীদার ইচ্ছা করলে উক্ত বিরোধের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের নিমিত্ত কমিটির নিকট প্রেরণ করিতে পারিবে এবং কমিটি উভয়পক্ষকে শুনানির সুযোগ প্রদান করিয়া ও প্রয়োজন মনে করিলে, ক্ষেত্রমত, তদন্ত করিয়া উক্ত বিরোধটি নিষ্পত্তি করিতে পারিবে।

(৩) বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে কমিটি নিম্নরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে :

(ক) কোন ব্যক্তিকে সমন দেওয়া ও উপস্থিত হইতে বাধ্য করা এবং শপথপূর্বক তাহাকে পরীক্ষা করা;

(খ) কোন দলিল বা বস্তু আবিস্কার ও উপস্থাপনে বাধ্য করা;

(গ) হলফ্ আকারে সাক্ষ্য গ্রহণ করা; এবং

(ঘ) দলিলাদি বা সাক্ষী পরীক্ষার নিমিত্ত কমিশন ইস্যু করা।

(৪) আইনের ধারা ৭৩ এর অধীনে দায়িত্ব পালনের উদ্দেশ্যে কমিটি সিদ্ধান্ত প্রদানে সহায়তা করিবার জন্য সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান বা অভিজ্ঞতা রহিয়াছে এমন এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন।

(৫) বিরোধ নিষ্পত্তির জন্য কোন আবেদন বিচার বিবেচনাকালে, কোন সদস্য স্বীয় পদ হইতে নিবৃত্ত (cease) হইলে বা কোন কারণে কমিটির অধিবেশনে উপস্থিত হইতে অপারগ হইলেও বিরোধ নিষ্পত্তি কার্যক্রম চলিবে এবং অবশিষ্ট সদস্যগণ কর্তৃক সিদ্ধান্ত প্রদান করা যাইবে।

(৬) কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে কমিটির সদস্যগণের মধ্যে মতবিভক্তির উদ্ভব হইলে, সংখ্যাগরিষ্ঠের মত প্রাধান্য পাইবে এবং কমিটির সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠের মতের ভিত্তিতে গৃহীত হইবে।

(৭) কমিটির সিদ্ধান্ত লিখিতভাবে প্রদান করিতে হইবে এবং উহা কমিটির চেয়ারম্যান এবং সদস্যগণ কর্তৃক স্বাক্ষরিত হইবে।

(৮) কমিটি কর্তৃক নিষ্পত্তিকৃত বিরোধের কোন পক্ষ লিখিত আবেদন করিলে ও প্রতি একশত শব্দের জন্য অন্যূন ২০ (বিশ) টাকা প্রদান করিলে এবং অন্যান্য নির্ধারিত শর্ত সাপেক্ষে কমিটি ইহার কার্যবিবরণী অথবা ইহার নিকট দাখিলকৃত বা উপস্থাপিত দলিলের প্রত্যায়িত অনুলিপি প্রদান করিবে।

৭। **আপীল**।—কমিটির আদেশে কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উপযুক্ত আদালতে আপীল দায়ের করিতে পারিবেন।

৮। **ফি**।—(১) আবেদনকারীর বিরোধীয় দাবির অনূর্ধ্ব ২(দুই) শতাংশ পরিমাণ ফি পরিশোধ না করিলে বিরোধ নিষ্পত্তি কমিটি কোন আবেদনপত্র গ্রহণ করিবে না।

(২) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন তফসিলী ব্যাংকে সংরক্ষিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ তহবিলের অনুকূলে উপবিধি (১)-এ নির্ধারিত ফি নগদ, ব্যাংক অর্ডার বা পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**এম. শেফাক আহমেদ,** এ্যাকচুয়ারী
চেয়ারম্যান।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd